

## ১০১ জন ডিসনষ্ট্রেটর ও

গবেষণা সহকারীকে

প্রভাষক পদে নিয়োগ

সরকার দেশের বিভিন্ন সরকারী কলেজে কর্মরত ১০১ জন ডিসনষ্ট্রেটর এবং গবেষণা সহকারীকে প্রভাষক পদে নিয়োগ করেছেন। চাকরি ক্ষেত্রে ৭ বছরের অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীতে দ্বিতীয় শ্রেণী প্রাপ্তদেরই প্রভাষক হিসেবে নিয়োগ করা হয়েছে। সরকারী তথা বিবরণীর উদ্ধৃতি দিয়ে বাসস এ খবর দিয়েছে।

এতে বলা হয়েছে, পদোন্নতির ডিগ্রিতে প্রভাষক পদে নিয়োগের কোন বিধান নেই। ফলে সরকারী কলেজের ডেপুটি-স্ট্রিক্টরদের পদোন্নতির পথ বন্ধ হয়ে গিয়েছিল। দীর্ঘদিন ধরে ডিসনষ্ট্রেটররা তাদের পদোন্নতির দাবী করে আসছেন। সরকার তাদের দাবীর ব্যাপারে নমনীয় মনোভাব গ্রহণ করেছেন।

রাষ্ট্রপতি তাদের দাবীগুলো সহানুভূতির সাথে বিবেচনা করেছেন এবং বর্তমানের নিয়োগবিধি সহজ করে ডিসনষ্ট্রেটরদের প্রভাষক হিসেবে গ্রহণ করে নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি নির্দেশ দিয়েছেন।